# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মেহমান নেওয়াযীর আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মজলিসে বয়োজ্যেষ্ঠদের প্রাধান্য দেয়া

দাওয়াতের মজলিসে বয়োজ্যেষ্ঠ লোকদের অন্যান্যদের আগে খাতির হওয়া দরকার। যেহেতু ইসলামে ছোটদের তুলনায় বড়দের পৃথক মর্যাদা রয়েছে। মহানবী (ﷺ) বলেন, “যে ব্যক্তি আমাদের ছোটদের প্রতি দয়া প্রদর্শন করে না এবং আমাদের বড়দের অধিকার চিনে না, সে ব্যক্তি আমাদের দলভুক্ত নয়।”[1]

তিনি আরো বলেন, “বৃদ্ধ মুসলিম, কুরআনে অতিরঞ্জনকারী ও অবহেলাকারী নয় এমন হাফেয এবং ন্যায়পরায়ণ বাদশাকে সম্মান প্রদর্শন করলে এক প্রকার আল্লাহকেই সম্মান প্রদর্শন করা হয়।”[2]

একদা তিনি স্বপ্নে নিজ দাঁতন দুটি লোকের মধ্যে ছোটকে দিলে জিবরীল (আঃ) তাঁকে বললেন, ‘বড়কে দিন।’[3]

অবশ্য অন্য এক হাদীস থেকে বুঝা যায় যে, খাদ্য-পানীয় পরিবেশন করার সময় ডান দিক থেকেই শুরু করা উত্তম। একদা আল্লাহর রসূল (ﷺ) এর নিকট কিছু পানীয় আনা হলে তিনি কিছু পান করলেন। (অতঃপর সাহাবাগণকে দেওয়ার ইচ্ছা করলেন।) তাঁর ডানে ছিল একটি কিশোর এবং বামে ছিল বৃদ্ধরা। তিনি কিশোরটিকে বললেন, “তুমি কি অনুমতি দাও যে, এই পানীয় আমি ওদেরকে দিই?” কিশোরটি বলল, ‘আল্লাহর কসম, হে আল্লাহর রসূল! আপনার নিকট থেকে পাওয়া ভাগ আমি অন্য কাউকে আগে দিতে চাই না।’ সুতরাং তিনি তা তার হাতেই ধরিয়ে দিলেন।[4]

## ফুটনোট

[1]. আল-আদাবুল মুফরাদ ৩৫৩

[2]. আবূ দাঊদ ৪৮৪৩, আল-আদাবুল মুফরাদ ৩৫৭

[3]. বুখারী তা’লীক্ব, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৩০০৩

[4]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৬২০, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৩০

Source — https://www.hadithbd.com/books/link/?id=8034

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন